



ইঃবিঃ ইরানের সহায়তায় ইসলামী বিশ্ববিদ্যালয়ে ফার্সী ভাষা কেন্দ্রের উদ্বোধন করেন: ইরান দূতাবাসের কালচারাল কাউন্সিলর শাহাবুদ্দিন দারাই -ইনকিলাব

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ফার্সী ভাষা কেন্দ্রের উদ্বোধন

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :
সম্প্রতি ইসলামী বিশ্ববিদ্যালয়ে ইরান সরকারের সহায়তায় ফার্সী ভাষা কেন্দ্রের উদ্বোধন করা হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের আরবী ভাষা ও সাহিত্য বিভাগের উদ্যোগে বিভাগীয় সভাপতি ডঃ মাহমুদুল রহমানের সভাপতিত্বে সমৃদ্ধিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভিসি প্রফেসর ডঃ মুস্তাফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশস্থ ইরানী দূতাবাসের কালচারাল কাউন্সিলর শাহাবুদ্দিন দারাই ও ডেপুটি কাউন্সিলর আক্তা আলী জান্নাত।

প্রধান অতিথির বক্তব্যে ভিসি প্রফেসর মুস্তাফিজুর রহমান বলেন, বাংলাদেশে ভাষা

ওৎফালীন ভারতবর্ষে আরবদের আগে ইরানের আধ্যাতিক মনীষীরাই ইসলাম ধর্মের ধারী হয়ে এসেছিলেন। তখন আরবী আল্লাহ শব্দের আগে ফার্সী 'খোদা' শব্দ নিয়ে এসেছিলেন তারা। ফার্সী ছিল তখনকার শাসকদের রাজভাষা। বিশেষ অতিথির বক্তব্যে ইরান দূতাবাসের কালচারাল কাউন্সিলর শাহাবুদ্দিন দারাই ইসলামী বিশ্ববিদ্যালয়ে ফার্সী ভাষা কেন্দ্রের উদ্বোধন করায় ওকরিয়া প্রকাশ করে বলেন, ফার্সী ভাষা কেন্দ্র উদ্বোধনের মাধ্যমে ইরানের সঙ্গে ইসলামী বিশ্ববিদ্যালয় সম্পর্কে এক নতুন অধ্যায় সূচনা করেছে। উল্লেখ্য, উক্ত ভাষা কোর্সটি বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের অধীনে পরিচালিত হবে। প্রতিবছর ২টি পর্বে নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থী উক্ত কোর্সে ভর্তি করা হবে।